

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৩৫

কাঞ্চনপুর, ২৬ জুন, ২০২৪

কাঞ্চনপুর মহকুমায় গলদা চিংড়ি চাষে সহায়তা

কাঞ্চনপুর মহকুমায় চলতি অর্থবছরে ১২ জন মৎস্যজীবিকে গলদা চিংড়ি চাষে সহায়তা দেওয়া হবে। মৎস্য দপ্তরের বার্ষিক কর্মপরিকল্পনায় এই কর্মসূচিতে মহকুমার দশদা ব্লকে ৬ জন, লালজুরি ব্লকে ৪ জন ও জম্পুইহিল ব্লকে ২ জন মৎস্যজীবী উপকৃত হবেন। এজন্য ব্যয় হবে ২ লক্ষ ১৬ হাজার টাকা। তাছাড়াও মৎস্য দপ্তরের রাজ্য পরিকল্পনায় কাঞ্চনপুর মহকুমার ৪জন মৎস্যজীবিকে পাবদা মাছ চাষে সহায়তা দেওয়া হবে। এই কর্মসূচিতে সুবিধাভোগী মৎস্যজীবীদের পাবদা মাছের পোনা ও সহায়ক সামগ্রী দেওয়া হবে। এজন্য ব্যয় হবে ৪৭ হাজার ২০০ টাকা। কাঞ্চনপুর মহকুমা মৎস্য তত্ত্বাবধায়ক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*